

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
প্রশাসন-২
www.enird.gov.bd

নং-২৮.০০.০০০০.০১২.০৫.০৩.১৫(অংশ-১). ৭০৫


তারিখ: ১৬ অগ্রহায়ণ ১৪২৩
৩০ নভেম্বর ২০১৬

বিষয়: মন্ত্রণালয়/বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থায় অধিকসংখ্যক অনলাইন সেবা চালু এবং সেবাপ্রক্রিয়া সহজীকরণের লক্ষ্যে সেবাসমূহের পূর্ণাঙ্গ তালিকা প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এবং এর আওতাধীন দপ্তর/সংস্থায় চালুকৃত সেবাসমূহের নিম্নবর্ণিত পূর্ণাঙ্গ তালিকা পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হল:

- (ক) অধিকসংখ্যক অনলাইন সেবা চালুর লক্ষ্যে সেবাসমূহের পূর্ণাঙ্গ তালিকা;
(খ) অধিকসংখ্যক সেবাপ্রক্রিয়া সহজীকরণের লক্ষ্যে সেবাসমূহের পূর্ণাঙ্গ তালিকা।

সংযুক্তি: বর্ণনামতে।


(সিদ্দিকা আস্তার)
যুগ্ম-সচিব
ফোন নং: ৯৫৭১১২৭

সচিব (সমন্বয় ও সংস্কার)
মন্ত্রিপরিষদ বিভাগ, পরিবহন পুল ভবন
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা।

[দৃ: আ: জনাব মোহাম্মদ কামরুল হাসান, সিনিয়র সহকারী সচিব,
কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা]

জ্ঞাতার্থে অনুলিপি:

- ১। সচিবের একান্ত সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (টিম লিডার, এপিএ) এর ব্যক্তিগত কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, ঢাকা।
- ৩। যুগ্ম-সচিব (অপারেশন) এর ব্যক্তিগত কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, ঢাকা।

অনলাইন সেবাসমূহের তালিকা

পেট্রোবাংলা

- (১) অনলাইনে গ্যাস বিল পরিশোধ,
- (২) হটলাইন প্রবর্তন
- (৩) সিএনজি অটো বিলিং সিস্টেম প্রবর্তন।

বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশন(বিপিসি)

- (১) বিপিসিতে LAN System প্রক্রিয়া চালু করতঃ অফিসিয়াল কার্যক্রম ই-সেবা তথা ই-ফাইল, চিঠিপত্র, ডকুমেন্ট ইত্যাদি ইলেকট্রনিক পদ্ধতির আওতায় আনয়ন।
- (২) বিপিসি ও এর অধীনস্থ কোম্পানীসমূহের সকল টেন্ডার প্রক্রিয়া ই-টেন্ডারিং পদ্ধতি অনুসরণ করে সম্পাদনের ব্যবস্থা গ্রহণ।
- (৩) বিপিসি ও এর অঙ্গ প্রতিষ্ঠানসমূহে ভিডিও কনফারেন্স সিস্টেম এর মাধ্যমে সভা আয়োজন ও প্রয়োজনীয় তথ্যাদি আদান-প্রদান।
- (৪) অনলাইনে আবেদনের মাধ্যমে নিয়োগ প্রক্রিয়া চালুকরণ।

বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর(জিএসবি)

- (১) Google ম্যাপ ভিত্তিক ভূ-বৈজ্ঞানিক তথ্যাবলী যেমন-জিএসবি আবিষ্কৃত খনিজ সম্পদসমূহ ও অন্যান্য তথ্য-উপাত্ত মানচিত্রের মাধ্যমে সঠিক অবস্থান প্রদর্শন ইত্যাদি জনস্বার্থে উপস্থাপনের লক্ষ্যে ওয়েব সাইটে প্রদর্শন।
- (২) বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের জার্মান-বাংলাদেশ যৌথ কারিগরি সহায়তামূলক “জিওইনফরমেশন ফর আরবান ডেভেলপমেন্ট, বাংলাদেশ (জিইউডি)” শীর্ষক প্রকল্প থেকে প্রাপ্ত রাজউক ড্যাপ এলাকার ত্রি-মাত্রিক ভূতাত্ত্বিক মডেল ও অন্যান্য ভূ-বৈজ্ঞানিক তথ্য অনলাইনে প্রকাশ করা হচ্ছে। একই সাথে সরবরাহকৃত ওপেন সোর্স সফটওয়্যার ব্যবহার করে সাধারণ জনগণ উক্ত ত্রি-মাত্রিক মডেল পরিদর্শন ও ব্যবহার করতে পারবেন এবং মাটির নিচের ভূতাত্ত্বিক অবস্থা সম্পর্কে ধারণা লাভ করতে পারবেন।
- (৩) সাধারণ জনগণকে প্রাকৃতিক দুর্যোগ বিশেষ করে অধিক বৃষ্টিপাতজনিত কারণে ভূমিধসের আগাম সংকেত প্রাপ্তির লক্ষ্যে চট্টগ্রাম সিটি করপোরেশন, কক্সবাজার সদর এবং টেকনাফ এলাকায় ভূমিধস ঝুঁকি মোতাবেলায় Landslide Early Warning System (LEWS) কার্যকর আছে যা ইন্টারনেট (www.m-2-m.com) ও মোবাইল এস.এম.এস এ আগাম সংকেত প্রদানের মাধ্যমে পরিচালিত হচ্ছে। ভূমিধসজনিত ঝুঁকি মোকাবেলায় জনসাধারণকে নিরাপদ দূরত্বে সরানো ও জানমালের ক্ষয়ক্ষতি হ্রাসের লক্ষ্যে LEWS পদ্ধতিটি দেশের অন্যান্য পার্বত্য অঞ্চলে স্থাপনের উদ্যোগ নেয়া হবে।

সেবা প্রক্রিয়া সহজীকরণের লক্ষ্যে সেবাসমূহের তালিকা

পেট্রোবাংলা

- (১) ই-টেন্ডারিং প্রবর্তন চালু।

বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশন(বিপিসি)

তথ্যাদি পাওয়া যায়নি।

বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর(জিএসবি)

- (১) জিএসবি'র প্রকাশিত প্রতিবেদনসমূহের অনলাইন ক্রয় প্রক্রিয়ার নির্দেশিকা প্রদান।

5

- (২) প্রকাশিত ভূ-বৈজ্ঞানিক প্রতিবেদনসমূহ পিডিএফ আকারে অনলাইনে প্রদান। এক্ষেত্রে সার-সংক্ষেপ জনসাধারণের জন্য উন্মুক্তকরণ এবং পুরো প্রতিবেদন বিপণনের মাধ্যমে প্রদানের ব্যবস্থা গ্রহণ।
- (৩) বিভিন্ন সেবা (গবেষণাগার সুবিধা, প্রতিবেদন, মানচিত্র ইত্যাদি) প্রদানের লক্ষ্যে বিপণনের জন্য মন্ত্রণালয়ের নির্দেশনা ও অনুমতি গ্রহণ।
- (৪) ই-ফাইলিং/ই-সার্ভিস, সাভার স্থাপন ও NAN নেটওয়ার্ক, ICT বিষয়ক দক্ষ জনশক্তি তৈরী ইত্যাদি বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।

